রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, নভেম্বর ১৮, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৩ অগ্রহায়ণ, ১৪৩১/ ১৮ নভেম্বর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৯০-আইন/২০২৪।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকারকে শক্তিশালী ও কার্যকর করিতে প্রয়োজনীয় সংস্কার প্রস্তাব করিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে 'স্থানীয় সরকার সংস্কার কমিশন' নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) **স্থানীয় সরকার সংস্কার কমিশন**

১) প্রফেসর তোফায়েল আহমেদ - কমিশন প্রধান
সাবেক চেয়ারম্যান, লোকপ্রশাসন বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

২) প্রফেসর ড. ফেরদৌস আরফিনা ওসমান - সদস্য
সাবেক চেয়ারম্যান, লোকপ্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৩) জনাব এ এম এম নাসির উদ্দিন - সদস্য
সাবেক সচিব

৪) অ্যাডভোকেট আব্দুর রহমান - সদস্য
অ্যাডভোকেট, সুপ্রীমকোর্ট

৫) ড. মাহফুজ কবির - সদস্য
পরিচালক, বিআইএসএস



মূল্য : টাকা ৪.০০

৬) জনাব মাসুদা খাতুন শেফালী - সদস্য
নির্বাহী পরিচালক, নারী উদ্যোগ কেন্দ্র

৭) প্রফেসর ড. মো: তারিকুল ইসলাম - সদস্য
সরকার ও রাজনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

৮) শিক্ষার্থী প্রতিনিধি - সদস্য।

(খ) কমিশন অবিলম্বে উহার কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;

(গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

(ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;

(ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;

(চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে; এবং

(ছ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd